দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারি নাজিমউদ্দিন কলেজে শিক্ষকের ২৫ পদ শূন্য

■ মাদারীপুর প্রতিনিধি

মাদারীপুর সরকারি নাজিমউদ্দিন কলেজে বর্তমানে প্রভাষকের ১৮টি পদসহ শিক্ষকের ২৫টি পদ শূন্য রয়েছে। পদগুলো শূন্য থাকায় শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। এদিকে শূন্যপদ পূরণের তেমন উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না। জানা যায়, জেলা সদরের এই সরকারি কলেজটিতে প্রাণিবিজ্ঞান, ইতিহাস ও হিসাববিজ্ঞান বিভাগে সহযোগী অধ্যাপকের তিনটি পদ বর্তমানে শূন্য। প্রভাষকের শূন্য ১৮টি পদের মধ্যে উদ্ভিদবিজ্ঞান বিভাগে তিনটি, বাংলা, দর্শন, গণিত ও বসায়ন বিভাগে দুটি করে আটটি পদ এবং অর্থনীতি, হিসাববিজ্ঞান, ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃতি, ভূগোল ও কৃষিবিজ্ঞান বিভাগে একটি করে সাতটি পদ বর্তমানে শূন্য রয়েছে। মাদারীপুরের ঐতিহ্যবাহী সরকারি নাজিমউদ্দিন কলেজটিতে ইংরেজি, ইসলামী শিক্ষা, বাংলা ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে সহকারী অধ্যাপকের চারটি পদ শূন্য রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক না থাকায় কলেজটির শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। অবিলম্বে সরকারি নাজিমউদ্দিন কলেজে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগের আবেদন জানিয়েছেন এলাকার অভিভাবকরা।